# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ আরিফদের এলাকায় 'সিরাজউদ্দৌলা' নাটক মঞ্চস্থ হয়েছে। আরিফ জানতে পারে নবাব সিরাজের বিরুদ্ধে তার খালা ঘসেটি বেগম, মীর জাফর, উমিচাঁদ, রাজবল্লভ প্রমুখ ইংরেজ বণিকদের সঙ্গে মিলে ষড়যন্ত্র করে। ১৭৫৭ সালের ২৩ জুন নবাব সিরাজের পরাজয় হলে বাংলায় ব্রিটিশ শাসনের সূচনা হয়।

ক. কত সালে আলীবর্দী খাঁর মৃত্যু হয়? ১

খ. রাজপরিবার এবং রাজ কর্মচারিরা কেন নবাবের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হন? ২

গ. পলাশীর যুদ্ধে নবাবের পরাজয়ের প্রধান কারণগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নবাব সিরাজউদ্দৌলার পরাজয়ের মধ্য দিয়েই বাংলায় ব্রিটিশ শাসনের ভিত্তি রচিত হয়।'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২. ▶ আধুনিক ও ইংরেজি শিক্ষার ফলে উনিশ শতকে বাংলায় নবজাগরণ ঘটে। ইংরেজি ও আধুনিক শিক্ষার সংস্পর্শে এসে স্থানীয় মানুষের মধ্যেও নতুন এক ধরনের চেতনার স্ফূরণ ঘটে। এই নবজাগরণের ক্ষেত্রে কয়েকজন ব্যক্তির বিশেষ অবদান আছে। বলা যায়, নবজাগরণের ফলে ভারতে জাতীয়তাবাদী চেতনার বিকাশ ঘটে।

ক. কলকাতা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. উনিশ শতকে বাংলায় নবজাগরণে কোন কোন ক্ষেত্রে কোন কোন মনীষী অবদান রেখেছিলেন? তাদের নাম লেখো। ২

গ. এদেশে ইংরেজি শিক্ষা প্রচলনের পেছন ইংরেজদের মূল উদ্দেশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নবজাগরণের ফলে জাতীয়তাবাদী চেতনার বিকাশ ঘটে'— উক্তিটির যথার্থতা ব্যাখ্যা করো। ৪

৩. ★ বান্দরবান শহরের ছাত্র মামুন। বাবা-মায়ের সাথে সে আর্মি পাড়ায় থাকে। সে খেলাধুলা করে তার স্কুলের ছাত্রদের সাথে। বাবা-মা স্বল্পশিক্ষিত হলেও সে খুব পরিপাটি, সহনশীল, সহযোগিতাপূর্ণ এবং মার্জিত। তার বড় ভাই এসএসসি পাস করেছে। সে ঘরে বসে কম্পিউটারেও কাজ করে। কলেজে ভর্তির জন্য অনলাইনে ফরম পূরণ করেছে। ফেসবুকে বন্ধুদের সাথে যোগাযোগ করে উচ্চ শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত করেছে।

ক. টুইটার কী? ১

https://teachingbd24.com

খ. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ২
গ. মামুনের সামাজিকীকরণের ক্ষেত্রে কোন সামাজিক প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মামুনের ভাইয়ের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৪. জনাব আবুল কাশেম একটি স্থানীয় সরকার কাঠামোর নির্বাচিত প্রধান। তিনি ব্যতীত তার প্রতিষ্ঠানে আরও ১২ জন নির্বাচিত জনপ্রতিনিধি রয়েছেন। তিনি এলাকার রাস্তাঘাট সংস্কার ও নির্মাণ, নলকূপ বসানো, ডোবা, নালা পরিষ্কার করেন এবং এলাকার বয়স্ক শিক্ষা কেন্দ্র স্থাপন করেন। কিন্তু তার এলাকায় জনসংখ্যা বেড়ে গিয়ে বিদ্যালয়গুলোতে অতিরিক্ত শিক্ষার্থী হওয়ায় পড়াশোনা বিঘ্নিত হচ্ছে।

ক. বাংলাদেশে কয়টি সিটি কর্পোরেশন রয়েছে? ১
খ. যুক্তরাষ্ট্রীয় সরকার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের জনাব আবুল কাশেম কোন স্থানীয় সরকার কাঠামোর প্রধান? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আবুল কাশেম এর সম্পাদিত কাজ কি উক্ত স্থানীয় সরকারের জন্য যথেষ্ট বলে মনে হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. মনু মিয়া কৃষি কাজ এবং মৎস্য চাষ করে তার ছেলে আরিফকে কারিগরি প্রশিক্ষণ শিখিয়ে সৌদি আরবে পাঠায়। আরিফ তার প্রেরিত অর্থে নিজ গ্রামে কারিগরি প্রশিক্ষণ গড়ে তোলে। ফলে অনেকে প্রশিক্ষণ গ্রহণ করে বিভিন্ন বিষয়ে দক্ষতা লাভ করে।

ক. জিডিপি কাকে বলে? ১
খ. রেমিটেন্স বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত কৃষকের কর্মকাণ্ড বাংলাদেশের অর্থনীতির যে খাতকে নির্দেশ করে তার ব্যাখ্যা করো। ৩
ঘ. মানব সম্পদ উন্নয়নে মনু মিয়ার গৃহীত পদক্ষেপ কি যথেষ্ট বলে মনে হয়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.


চিত্র-১


চিত্র-২

চিত্র: বাংলাদেশের অর্থনীতির খাত

Teachingbd24.com
https://teachingbd24.com

ক. বাংলাদেশের অর্থনীতির জীবনধারা কয়টি খাতে বিকশিত হচ্ছে? ১
খ. 'শিক্ষা মানুষের জন্মগত অধিকার'— উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. চিত্র-১ এ কোন শিল্পকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আমাদের দেশে প্রযুক্তিকে কাজে লাগিয়ে কীভাবে চিত্র-২ এর খাতটির দ্রুত উন্নয়ন সম্ভব? মতামত দাও। ৪

৭. ▶ আমিনা ও মিম দুই বোন। আমিনার স্বামীর হাঁস-মুরগির খামার আছে। তার সামান্য আয়ে দুই সন্তান নিয়ে সুখে দিন কাটে। কিন্তু মিমের স্বামী ভালো আয় করেন। পাঁচজন সন্তান নিয়ে তার অভাব মিটে না।

ক. জনসংখ্যা নীতি কী? ১
খ. জনসংখ্যাকে কীভাবে জনসম্পদে রূপান্তর করা যায়? ব্যাখ্যা করো। ২
গ. মিমের পরিবারের সমস্যার কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. সরকারি ও বেসরকারি প্রচেষ্টার ফলেই দেশ থেকে মিমদের সমস্যার সমাধান সম্ভব— যুক্তি দাও। ৪

৮. ▶ জামিল ছোটকাল থেকে পিতা-মাতার কথামতো জীবনযাপনে অভ্যস্ত। কৈশোরে প্রতিবেশী রায়হানের সঙ্গে বন্ধুত্ব হয়। স্কুলে রায়হান ও জামিল এক সাথে শিক্ষা গ্রহণ করে এবং বিশ্ববিদ্যালয়েও সহপাঠী হিসেবে শিক্ষাজীবন শেষ করে। তারা আজ সমাজের অগ্রপথিক হিসেবে প্রতিষ্ঠিত।

ক. সামাজিকীকরণ কোন ধরনের প্রক্রিয়া? ১
খ. সামাজিকীকরণে ব্যক্তির ওপর পরিবারের ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. জামিল ও রায়হানের একই সাথে শিক্ষাগ্রহণের ক্ষেত্রে সামাজিকীকরণের কোন উপাদানটির ভূমিকা লক্ষণীয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ব্যক্তির সামাজিকীকরণ জন্ম থেকে মৃত্যু অবধি চলমান'— জামিল ও রায়হানের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯. ★ ১৮৫৮ সালে ভারত শাসন আইন পাস হলে আব্দুল কাদির সাহেব তাদের কলেজ স্ট্রিটের বাসা ছেড়ে পরিবার নিয়ে তৎকালীন পূর্ব বাংলায় চলে আসেন। বিলাসব্যসনে বড় হওয়া কাদির সাহেবের সময় অতিবাহিত হয় সাদামাটা অনাড়ম্বর জীবনের মধ্য দিয়ে। ভারত শাসন আইন কেবল আব্দুল কাদির সাহেবের ওপর নয়

https://teachingbd24.com

বরং গোটা বাংলার সামাজিক জীবনে প্রভাব বিস্তার করেছিল।

ক. বঙ্গভঙ্গ কখন হয়? ১

খ. ১৮৫৮ সালে ভারত শাসন আইন পাস হয়েছিল কেন? বুঝিয়ে লেখো। ২

গ. আব্দুল কাদির সাহেবের ওপর প্রভাব বিস্তারকারী ভারত শাসন আইনের বিভিন্ন দিক ব্যাখ্যা করো। ৩

ঘ. আব্দুল কাদির সাহেবের অনাড়ম্বর জীবন ছিল ভারত শাসন আইন পরবর্তী সময়ে গোটা বাংলার প্রতিচ্ছবি— বিশ্লেষণ করো। ৪

১০. ▶ কর্ণফুলী নদীর তীরে সাজ্জাদের গ্রাম। সকালে খেলার মাঠে গিয়ে দেখল নদী পানিতে পূর্ণ। কিন্তু বিকাল বেলায় গ্রামের লোকজনের ছোটছুটি, গবাদিপশু ও মালামাল অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া, ফসল সংরক্ষণের ব্যাপক প্রস্তুতি দেখে সে বুঝল তাদেরও এখন গ্রাম ছেড়ে যেতে হবে। তার পরিবারের সদস্যরা সাজ্জাদের দাদি ও ৩ বছরের ছোট বোনকে নিয়ে বেশি চিন্তা করছিল।

ক. গ্রিন হাউস কী? ১

খ. ভূমিধস কেন হয়? ২

গ. সাজ্জাদের এলাকায় কোন দুর্যোগ দেখা দিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত দুর্যোগ সাজ্জাদের পরিবারের ওপর যে প্রভাব ফেলেছে তা নিরূপণ করো। ৪

১১. ▶ জুনাইদ সাহেব লোহাগড়া উপজেলার বড় হাতিয়া গ্রামের একজন বাসিন্দা। তিনি ২০১৫ সালের একটি স্থানীয় সরকারের চেয়ারম্যান নির্বাচিত হন। তিনি এলাকাবাসীর বিশুদ্ধ পানির সমস্যা দূর করার জন্য তার এলাকায় ৫টি নলকূপ স্থাপন, রাস্তাঘাট সংস্কার ও নির্মাণ এবং মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের ব্যবস্থা করেন। ইতোমধ্যেই তিনি তার এলাকায় একজন জনপ্রিয় ব্যক্তিত্বসম্পন্ন মানুষ হিসেবে পরিচিতি পেয়েছেন।

ক. বাংলাদেশে জেলা পরিষদের সংখ্যা কত? ১

খ. গণতন্ত্র কী? ব্যাখ্যা করো। ২

গ. জুনাইদ সাহেব কোন ধরনের স্থানীয় সরকারের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জুনাইদ সাহেব চেয়ারম্যান হিসেবে পালিত উল্লিখিত দায়িত্ব ছাড়াও তাকে আরও অনেক দায়িত্ব পালন করতে হয়?— বক্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

Teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ কোন সাল থেকে বাংলায় ঔপনিবেশিক শাসন শুরু হয়?
ক) ১৭০৭ খ) ১৭৫৭
গ) ১৭৬৫ ঘ) ১৮৫৭

২. বহিরাগত কোন শক্তি এদেশে প্রথম শাসন প্রতিষ্ঠা করে?
ক) মৌর্য খ) আর্য
গ) গুপ্ত ঘ) সেন

৩. মৌর্যদের পর ভারতে কোন সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়?
ক) গুপ্ত খ) সেন
গ) পাল ঘ) আর্য

৪. ★ বাংলাদেশের মুক্তি সংগ্রামে সবচেয়ে প্রভাব ফেলেছে কোন ঘটনা?
ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলন
খ) ১৯৫৪ সালের নির্বাচন
গ) ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান
ঘ) ১৯৭০ সালের নির্বাচন

৫. ইয়াহিয়া খান কেন জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণা দেন?
ক) জরুরি অবস্থা মোকাবিলা করতে
খ) শারীরিক অসুস্থতার কারণে
গ) রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে
ঘ) আওয়ামী লীগকে ক্ষমতা না দিতে

৬. 'গরদ' কী?
ক) লুঙ্গি খ) শাড়ি
গ) গামছা ঘ) ওড়না

৭. ★ সংস্কৃতির বিচারে কোনটি সবচেয়ে গুরুত্বপূর্ণ?
ক) পোড়ামাটির তৈরি জিনিস
খ) গীতবাদ্য
গ) সৃষ্টিশীল কাজ
ঘ) ভাষার প্রাচীনত্ব

৮. নিচের কোনটি পুনর্নির্মিত মন্দির?
ক) রমনা কালি মন্দির
খ) ঢাকেশ্বরী মন্দির
গ) জগন্নাথ হল মন্দির
ঘ) শিখ ধর্ম মন্দির

৯. ★ রেমিটেন্স কী?
ক) প্রবাসীদের আয়ের অংশ
খ) প্রবাসীদের ব্যয়কৃত অর্থ
গ) প্রবাসীদের প্রেরিত অর্থ
ঘ) প্রবাসীদের জমাকৃত অর্থ

১০. প্রতি বছরে বাংলাদেশে জনসংখ্যা দিবস পালিত হয় কত তারিখ?
ক) ২রা ফেব্রুয়ারি খ) ৩ই ফেব্রুয়ারি
গ) ৩রা ফেব্রুয়ারি ঘ) ৫ই ফেব্রুয়ারি

১১. বাংলাদেশে জনসংখ্যা নিয়ন্ত্রণে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে?
ক) এনজিও খ) সরকারি প্রচারণা
গ) প্রিন্ট মিডিয়া ঘ) জনসচেতনতা

১২. ছিয়াত্তরের মন্বন্তরের সময় বাংলার লোকসংখ্যা কত ছিল?
ক) ৩ কোটি খ) ৪ কোটি
গ) ৫ কোটি ঘ) ৬ কোটি

১৩. ইউরোপে যুদ্ধরত বিভিন্ন দেশগুলোর মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?
ক) ১৬৪৮ সালে খ) ১৬৫৮ সালে
গ) ১৬৭৮ সালে ঘ) ১৬৯৮ সালে

১৪. ★ ভাস্কো ডা গামা কোন দেশের নাগরিক ছিলেন?
ক) ফ্রান্স খ) ইতালি
গ) স্পেন ঘ) পর্তুগাল

১৫. মৌর্যদের পর ভারতে কোন সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়?
ক) গুপ্ত খ) পাল
গ) মোঘল ঘ) সেন

১৬. রাষ্ট্র কোন ধরনের প্রতিষ্ঠান?
ক) সামাজিক খ) রাজনৈতিক
গ) ধর্মীয় ঘ) দলীয়

১৭. ★ সামাজিকীকরণ চলতে থাকে—
ক) শৈশব থেকে কৈশোর পর্যন্ত
খ) শৈশব থেকে যৌবন পর্যন্ত
গ) শৈশব থেকে মৃত্যু পর্যন্ত
ঘ) কৈশোর থেকে মৃত্যু পর্যন্ত

১৮. যে কারণে বাংলাদেশের প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে—
i. জনসংখ্যা বিস্ফোরণ
ii. কলকারখানার ধোঁয়া
iii. বৃক্ষনিধন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১৯. নিচের কোনটি মোট দেশজ উৎপাদনের অন্তর্ভুক্ত নয়?
ⓚ রেমিটেন্স ⓚ সেবা খাত
ⓖ শিল্পখাত ⓖ পরিবহন খাত

২০. মানুষ কখন সমাজ বা রাষ্ট্রের শক্তিতে পরিণত হয়?
i. মানুষ যদি শারীরিক শ্রম সম্পন্ন মানুষ
ii. মানুষ যদি ধনসম্পন্ন মানুষ
iii. মানুষ যদি মেধাসম্পন্ন মানুষ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. একটি দেশ উন্নত কি অনুন্নত তা বিচার করার মানদণ্ডগুলো হলো—
i. মোট জাতীয় উৎপাদন
ii. জনগণের মাথাপিছু আয়
iii. জীবনযাত্রার মান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২২. বাংলাদেশ আর্থ-সামাজিক খাতে বাজেটের কত শতাংশ বেশি ব্যয় করছে?
ⓚ ১০% ⓚ ২০%
ⓖ ২৫% ⓖ ৩০%

২৩. বাংলাদেশ সংবিধান কতবার সংশোধিত হয়েছে?
ⓚ ১৩ বার ⓚ ১৪ বার
ⓖ ১৫ বার ⓖ ১৬ বার

২৪. ★ কোন বিষয়টিকে আয়ত্ত করাকে সামাজিকীকরণ বলে?
ⓚ রাষ্ট্রের নিয়ম কানুন
ⓚ ধর্মের নিয়ম কানুন
ⓖ সমাজের নিয়ম কানুন
ⓖ প্রথার নিয়ম কানুন

২৫. ★ ব্রিটিশ আমলে নবজাগরণের ক্ষেত্রে অবদান রয়েছে—
i. রাজা রামমোহন রায়
ii. ঈশ্বরচন্দ্র বিদ্যাসগার
iii. দ্বারকানাথ ঠাকুর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৬. বাংলাদেশের ঔপনিবেশিক যুগটি ছিল—
ⓚ ১৭৫৭-১৮৫৭ ⓚ ১৭৫৭-১৯৫৭
ⓖ ১৭৫৭-১৯৪৭ ⓖ ১৭৫৭-১৮৭১

২৭. ★ অদক্ষ মানুষকে মানবসম্পদে রূপান্তর করা যায়—
i. প্রেরণার সাহায্যে
ii. প্রশিক্ষণের সাহায্যে
iii. শিক্ষার সাহায্যে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

অনুচ্ছেদটি পড়ে নিচের ২৯ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
ফেব্রুয়ারি প্রথম সপ্তাহে ৮ম শ্রেণির ছাত্রছাত্রীদের নিয়ে ঢাকার শাহবাগে শিক্ষাসফরে নিয়ে যাওয়া হয়। সেখানে তারা বিভিন্ন ভবন পরিদর্শন করে। একটি ভবনে প্রবেশ করে দেখতে পায় এমন কিছু জিনিস যেগুলোর সাথে তাদের বইয়ের চিত্রের মিল আছে।

২৮. শিক্ষার্থীদের এ ধরনের ভবন পরিদর্শনে নিয়ে যাওয়ার কারণ হলো—
i. জমিদারদের নিত্যব্যবহার্য দ্রব্যাদি প্রদর্শন
ii. ইতিহাসের চরিত্রগুলোর সাথে পরিচিত করানো
iii. বিভিন্ন আমলের ঐতিহ্যকে পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. শিক্ষার্থীরা কোন ভবন পরিদর্শন করে?
ⓚ বাংলা একাডেমি
ⓚ শিল্পকলা একাডেমি
ⓖ জাতীয় গ্রন্থাগার
ⓖ বাংলাদেশ জাতীয় যাদুঘর

৩০. 'সুনামি' কোন ভাষার শব্দ?
ⓚ রুশ ⓚ ইতালিয়ান
ⓖ জাপানি ⓖ ইন্দোনেশিয়ান

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com